

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫২০.৯৯.০০০১.২৫.২২

১৮ আষাঢ় ১৪৩৩  
তারিখ:-----  
০২ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান/কমিশনার পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে জীবনবৃত্তান্ত আহ্বান।**

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান/কমিশনার নিয়োগের লক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতির নিকট সুপারিশ প্রেরণের উদ্দেশ্যে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ধারা ৭ অনুযায়ী গঠিত বাছাই কমিটি, উল্লিখিত পদে নিয়োগলাভে আগ্রহী ব্যক্তিগণের নিকট হইতে জীবনবৃত্তান্ত আহ্বান করিতেছে।

২। আগ্রহী ব্যক্তিগণের আইনের ধারা ৮ এর উপধারা (১) এর বিধান মোতাবেক প্রয়োজনীয় অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। আইনের ধারা ৮ এর উপধারা (২) এ উল্লিখিত ব্যক্তিগণ কমিশনার হিসাবে নিযুক্ত হইবার/থাকিবার যোগ্য হইবেন না।

৪। জীবনবৃত্তান্তে আগ্রহী ব্যক্তির নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ, পেশা/চাকরি/অভিজ্ঞতার সুনির্দিষ্ট বিবরণ (মেয়াদকালসহ) এবং মোবাইল নম্বর ও ই-মেইল উল্লেখ করত স্বাক্ষর করিয়া দাখিল করিতে হইবে। জীবনবৃত্তান্তের সহিত সাম্প্রতিক সময়ের দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে সকল সনদপত্রের কপি জমা প্রদান করিতে হইবে। খামের ওপর “দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান/কমিশনার পদের জন্য জীবনবৃত্তান্ত” উল্লেখ করিতে হইবে।

৫। জীবনবৃত্তান্ত জমা প্রদানের স্থান: ক) সচিবালয় কেন্দ্রীয় পত্র গ্রহণ কেন্দ্র, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় গেইট নং-৫ অথবা খ) জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা, কক্ষ নম্বর- ৯৩৫, মন্ত্রিপরিষদ বিভাগ, ভবন নং-১ (নতুন), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। জীবনবৃত্তান্ত জমা প্রদানের সর্বশেষ সময়: ১৩ জুলাই ২০২৬ খ্রি. সোমবার, বিকাল ৪:০০ টা।

৭। যে সকল ব্যক্তি উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্রসহ ইতোমধ্যে আবেদন/জীবনবৃত্তান্ত জমা প্রদান করিয়াছেন, তাহাদের পুনরায় জীবনবৃত্তান্ত জমা দেওয়ার প্রয়োজন নাই।

বাছাই কমিটির নির্দেশক্রমে,



তানভীর আহমেদ

যুগ্মসচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

**বিতরণ: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

- ১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ নোটিশ বোর্ড।